

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং - ৭১/২০১১

তারিখ : ২২/১২/২০১১খ্রিঃ।

৮ পৌষ, ১৪১৮ বাংলা।

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, টার্মিনাল ম্যানেজার এর দপ্তর এর অফিস স্মারক নং- টিএম/শিপিং/সিটিএমএস বাস্তবায়ন/১০, তারিখঃ ২০/১২/২০১১খ্রিঃ সকল সম্মানিত সদস্য/ সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাঃ/-

( এম রহমান )

উপ সচিব

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ  
টার্মিনাল ম্যানেজার এর দপ্তর

নথি নং- টিএম/শিপিং/সিটিএমএস বাস্তবায়ন/১০

তারিখ- ২০/১২/২০১১ইং।

বরাবরে

সভাপতি/সাধারণ সম্পাদক

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন,

সি এন্ড এফ টাওয়ার, চট্টগ্রাম।

বিষয় : **CTMS বাস্তবায়নে অন চেসিস/ বন্ড ডেলিভারী নেয়ার প্রক্রিয়া প্রসঙ্গে।**

উল্লেখিত বিষয়ে আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে,

- ১। গেইট পাস সংগ্রহ করে প্রবেশকালে নিরাপত্তা বুথ হতে Bat Number সম্বলিত প্লেট সংগ্রহ পূর্বক ট্রেইলারে সংযুক্ত করতে হবে।
- ২। গেইট পাস সংগ্রহকালে সি এন্ড এফ এজেন্ট এর প্যাডে যে আবেদন করা হয় তার একটি কপি Traffic Booth এ জমা দিয়ে Pickup Ticket সংগ্রহ করতে হবে।
- ৩। উক্ত Pickup Ticket সহ ট্রেইলার সংশ্লিষ্ট ইয়ার্ডে রিপোর্ট করবে। ডেলিভারীতব্য কন্টেইনার ট্রেইলারে প্রয়োজনীয় নিয়ম অনুসরণ পূর্বক লোড হওয়ার পর উক্ত Pickup টিকেটে জেটি সরকার কর্তৃক স্বাক্ষর পূর্বক তাতে ইয়ার্ডের চেকার স্বাক্ষর করবে। কন্টেইনারসহ ট্রেইলার সংশ্লিষ্ট দলিলাদি সহ গেইটে আসার পর জেটি সরকার Pickup Ticket খানা CTMS Traffic Booth এ জমা দিয়ে EIR সংগ্রহ করবে এবং EIR Gate Security এর কাছে জমা দিবে।
- ৪। গেইট সিকিউরিটি EIR সহ ডেলিভারী ডকুমেন্ট ইত্যাদি যাচাই করে প্রচলিত নিয়মে কন্টেইনার ছাড়ের ব্যবস্থা নিবেন। উল্লেখ্য প্রচলিত নিয়মে ডেলিভারী ডকুমেন্ট চেকিং এর কাজ অব্যাহত থাকবে।

ইহা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা গেল।

স্বাঃ/-

টার্মিনাল ম্যানেজার

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।